



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauin13@gmail.com

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৩৮/২০১৬/১৫৭০৫

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

পিরঞ্জালী আমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: পিরঞ্জালী, উপজেলা: গাজীপুর সদর, জেলা: গাজীপুর-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৯-০৯-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রুতিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৭ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

- শ্রেণিকক্ষে মূল কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে এবং কোনোভাবেই শ্রেণিকক্ষে নোট-গাইডের ব্যবহার করা যাবে না;
- অনতিবিলম্বে অভ্যন্তরীণ আয়-ব্যয়ের নিরীক্ষণ কমিটি গঠন করতে হবে এবং প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় প্রতি মাসে নিরীক্ষণ করার পাশাপাশি অভ্যন্তরীণ ব্যয় কমিটির মাধ্যমে যাবতীয় ব্যয় করতে হবে;
- প্রতিমাসের যাবতীয় আয়-ব্যয় প্রতিমাসেই কলামনার ক্যাশবই-এ লিপিবদ্ধ করতে হবে এবং মাদরাসার যাবতীয় আয়-ব্যয় গভর্নিং বডি'র সভায় উপস্থাপন করে অনুমোদন করতে হবে;
- ফাজিল (স্নাতক) স্তরে নিয়মিত পাঠদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;
- মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়ন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন ও ডিজিটাল হাজিরা, সিসি টিভি ও আইপিএস-এর ব্যবস্থা করতে হবে;
- মাদরাসায় হোস্টেল ব্যবস্থা থাকতে হবে এবং হোস্টেলের শিক্ষক, শিক্ষার্থী ও স্টাফদের নিরাপত্তাসহ মানসম্মত খাবারের ব্যবস্থা করতে হবে;
- শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একাটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেব্রাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
- প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করার পাশাপাশি ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ব্যক্তিগত ফাইল ও ছুটির আবেদনপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
- অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে


০১.০৪.২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, পিরঞ্জালী আমানিয়া ফাজিল মাদরাসা


ডাকঘর: পিরঞ্জালী, উপজেলা: গাজীপুর সদর, জেলা: গাজীপুর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ঢা-৩৮/২০১৬/১৫৭০৫

তারিখ: ১৮ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
- রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- সভাপতি, পিরঞ্জালী আমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: পিরঞ্জালী, উপজেলা: গাজীপুর সদর, জেলা: গাজীপুর।
- অফিস নথি।


০১.০৪.২০২৬

(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫